ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৩০০

জম্পুইজলা, ১৮ অক্টোবর, ২০২৫

**জম্পুইজলা ব্লকের ৩১টি ভিলেজ কার্যালয়ে গ্রামসভা অনুষ্ঠিত**

জম্পুইজলা ব্লকের অন্তর্গত ৩১টি এডিসি ভিলেজ কার্যালয় প্রাঙ্গনে সম্প্রতি একদিনের গ্রাম সভা অনুষ্ঠিত হয়। এই গ্রামসভায় চলতি অর্থবছরের গ্রামের উন্নয়নমূলক কাজের মূল্যায়ণ করা হয়। এছাড়া ২০২৬-২৭ অর্থবছরের জন্য এডিসি ভিলেজের উন্নয়নমূলক প্রকল্পের পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয় এবং নানা প্রকল্পের পরিকল্পনা হাতে নেওয়া হয়। এই গ্রামসভায় নিজ নিজ এলাকার জনপ্রতিনিধিগণ, জনগণ, পঞ্চায়েত সচিবগণ, ব্লক এলাকার বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন। জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং এই সংবাদ জানিয়েছেন।

*****